গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিসংখ্যান অফিস
রাজাপুর, ঝালকাঠি
www.rajapur.jhalakathi.gov.bd

স্মারক নং- ৫২.০১.৪২৮৪.০০০.০৫.০০৭.২০- ৬২৬

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮ / ০১ আগষ্ট ২০২১

## শুমারিকর্মী নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে 'সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী' পদে জনবল নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে শুধু মাত্র রাজাপুর উপজেলা এর আওতাধীন ০৬ টি ইউনিয়ন এ স্থায়ী ভাবে বসবাসকারী বেকার কিশোর/কিশোরী এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা (অভিজ্ঞতা) |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের ডিপিপি সংস্থান অনুযায়ী সম্মানিভাতা প্রাপ্য হবেন | ১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস হতে হবে। তবে স্নাতক উত্তীর্ণদের অভিজ্ঞতা বিবেচনায় অগ্রাধিকার প্রদান করা হবে।<br>২) এন্ড্রয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ হতে হবে।<br>৩) Computer Assisted Personal Interview (CAPI) পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত জরিপে অংশগ্রহণকারীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>৪) সংশ্লিষ্ট মৌজা/গ্রামে বসবাসকারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০২) | তথ্য সংগ্রহকারী | ঐ | ১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস হতে হবে।<br>২) এন্ড্রয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ হতে হবে।<br>৩) Computer Assisted Personal Interview (CAPI) পদ্ধতিতে বিবিএস কর্তৃক পরিচালিত জরিপে অংশগ্রহণকারীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>৪) সংশ্লিষ্ট মৌজা/গ্রামে বসবাসকারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |

**শর্তাবলী:**

১. নির্ধারিত আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি এর ওয়েবসাইট www.rajapur.jhalakathi.gov.bd এবং উপজেলা পরিসংখ্যান অফিস, রাজাপুর, ঝালকাঠি এর ওয়েবসাইট (www.bbs.rajapur.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও রাজাপুর উপজেলাধীন ০৬ টি ইউনিয়ন এর ইউনিয়ন ডিজিটাল সেন্টার এ আবেদন ফরম পাওয়া যাবে।

২. মূল শুমারি (২৫-৩১ অক্টোবর, ২০২১) কার্যক্রমের সময় মোট ০৭ (সাত) দিন। প্রতি তথ্য সংগ্রহকারী নির্দিষ্ট গণনা এলাকা উক্ত ০৭ (সাত) দিনে কম-বেশি ১২০-১৫০ খানার তথ্য সংগ্রহ করবেন এবং মূল শুমারি পূর্ববর্তী ০২ দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক সকল খানা তালিকাভুক্ত করবেন।

৩. মূল শুমারিকালীন সময়ে প্রতি সুপারভাইজার কমপক্ষে ৫-৬ জন তথ্য সংগ্রহকারীর মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ ও মূল শুমারি পূর্ববর্তী খানা তালিকাভুক্তকরণ কাজ সরজমিনে পরিদর্শনপূর্বক তদারকি করবেন।

৪. মূল শুমারি মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্ট ফোন রয়েছে (যার এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব ও স্ক্রীন-সাইজ নুন্যতম ৫.০ (পাঁচ) ইঞ্চি) এবং এন্ড্রয়েড মোবাইল ফোন পরিচালনায় দক্ষ প্রার্থীগণই শুধু আবেদন করতে পারবেন।

৫. কেবল মাত্র বেকার কিশোর/কিশোরী এবং ছাত্র/ছাত্রীগণ শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরিরত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

৬. ০১/০৬/২০২১ তারিখে তথ্যসংগ্রহকারীর বয়স ১৮-৩৫ বছর এবং সুপারভাইজারের বয়স ২৩-৪০ বছর মধ্যে হতে হবে। (তবে শর্তাবলী পুরণসাপেক্ষে বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন জরিপ কাজে অংশগ্রহণকারীগণের ক্ষেত্রে প্রার্থীর বয়স শিথিলযোগ্য।)

৭. মূল শুমারি চলাকালীন সময়ে নির্বাচিত প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত রাখতে পারবেন না।

৮. নিয়োগের শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৯. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।

১০.ইতিপূর্বে যেসকল প্রার্থী সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী হিসেবে নির্বাচিত হয়েছেন তারা মূল শুমারিতে সুপারভাইজার এবং তথ্যসংগ্রহকারী হিসেবে দায়িত্ব পালন করবেন (প্রার্থীদের আগ্রহ এবং বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে)। তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

১১.নির্বাচিত সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী আবশ্যিকভাবে নিজস্ব স্মার্টফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করবেন এবং ই-ট্রেনিং এ সফল হলেই কেবল মূল শুমারিতে চূড়ান্তভাবে মনোনীত হবেন।

১২. সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী সম্মানী ভাতাদি বিকাশ হিসাবের মাধ্যমে পরিশোধ করা হবে বিধায় যোগাযোগের মোবাইল নম্বর এ আবশ্যিক ভাবে সচল বিকাশ হিসাব থাকতে হবে।

১৩.আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ ইউনিয়নের নাম, সচল বিকাশ হিসাবসহ মোবাইল নম্বর এবং মৌজার/গ্রামের নাম উল্লেখপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ০৮/০৮/২০২১ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর নির্বাচন কমিটি, রাজাপুর, ঝালকাঠি বরাবর সরাসরি অথবা ডাকযোগে অফিস চলাকালীন আবেদনপত্র পৌছাতে হবে। উল্লিখিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবেনা।

১৪. সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী পদে পরীক্ষার তারিখ ও সময়সূচি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড, পরিসংখ্যান অফিসের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড এবং www.rajapur.jhalakathi.gov.bd সাইট থেকে জানা যাবে।

১৫.মূল শুমারির জন্য নির্বাচিত সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারী তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও উপজেলা পরিসংখ্যান অফিস, রাজাপুর, ঝালকাঠি এবং www.rajapur.jhalakathi.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

১৬. সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত উপজেলা শুমারিকর্মী নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

M.Hossain 02/08/21

মোঃ মোক্তার হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
শুমারিকর্মী নির্বাচন কমিটি
রাজাপুর,ঝালকাঠি।

চলমান পাতা-০২

স্মারকনং-৫২.০১.৪২৮৪.০০০.০৫.০০৭.২০- ৫২৮(৬০)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮
০১ আগষ্ট ২০২১

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজাপুর,ঝালকাঠি।

০২. উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, ঝালকাঠি।

০৩. উপজেলা শুমারিকর্মী নির্বাচন কমিটির সম্মানীত সদস্য জনাব/বেগম.............................................................

০৪. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজাপুর,ঝালকাঠি। (বিজ্ঞপ্তিটি উপজেলা পরিসংখ্যান অফিস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৫. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস, রাজাপুর,ঝালকাঠি। (বিজ্ঞপ্তিটি রাজাপুর উপজেলা এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৬. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)....................,রাজাপুর,ঝালকাঠি (আপনার আওতাধীন সকল ইউপি সদস্যগণকে অবহিতকরনের অনুরোধসহ)

০৭. অফিস কপি/গার্ড ফাইল/ সংশ্লিষ্ট দপ্তরসমূহের নোটিশ বোর্ড।

০১/০৮/২১

মোঃ মোক্তার হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
শুমারিকর্মী নির্বাচন কমিটি
রাজাপুর,ঝালকাঠি।